

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৩৪৫

পর্ব-১৩: বিবাহ (১১১)

পরিচ্ছেদঃ ১৭. প্রথম অনুচ্ছেদ - স্ত্রীর খোরপোষ ও দাস-দাসীর অধিকার

بَابُ النَّفَقَاتِ وَحَقِّ الْمَمْلُوْكِ

### আরবী

وَعَنْ أَبِي ذَرِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِخْوَانُكُمْ جَعَلَهُمُ اللَّهُ تَحْتَ أَيْدِيكُمْ فَمَنْ جَعَلَ اللَّهُ أَخَاهُ تَحْتَ يَدَيْهِ فَلْيُطْعِمْهُ مِمَّا يَأْكُلُ وَلْيُلْبِسْهُ مِمَّا يَلْبَسُ وَلَا يُكَلِّفْهُ مِنَ الْعَمَلِ مَا يَغْلِبُهُ فَلْيُعِنْهُ عَلَيْهِ»

مِنَ الْعَمَلِ مَا يَغْلِبُهُ فَإِنْ كَلَّفَهُ مَا يَغْلِبُهُ فَلْيُعِنْهُ عَلَيْهِ»

#### বাংলা

৩৩৪৫-[8] আবৃ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তারা (দাসগণ) তোমাদের ভাই, আল্লাহ তাদেরকে তোমাদের অধীনন্থ করে দিয়েছেন। অতঃপর আল্লাহ যখন তার কোনো ভাইকে অধীন করে দেন, সে যেন নিজে যা খায়, তাকেও তাই খাওয়ায়; নিজে যা পরিধান করে, তাকেও তা পরিধান করায়। তাদের সাধ্যাতীত কাজের জন্য যেন চাপপ্রয়োগ না করে। আর একান্তই যদি সাধ্যাতীত কাজে বাধ্য করে, তবে নিজেও যেন তাকে সর্বাত্মকভাবে সাহায্য করে। (বুখারী ও মুসলিম)[1]

# ফুটনোট

[1] সহীহ: বুখারী ৬০৫০, মুসলিম ১৬৬১, আবূ দাউদ ৫১৫৮, ইবনু মাজাহ ৩৬৯০, আহমাদ ২১৪৩২, ইরওয়া ২১৭৬, সহীহ আতৃ তারগীব ২২৮২।

## ব্যাখ্যা

व्याच्या: إِخْوَانُكُمْ جَعَلَهُمُ اللّهُ تَحْتَ (إِخْوَانُكُمْ جَعَلَهُمُ اللّهُ تَحْتَ )) বাক্যের মুবতাদা বা উদ্দেশ্য উহ্য রয়েছে। অর্থাৎ যারা তোমাদের গোলাম তারা তোমাদের ভাই। কেননা তোমরা সবাই এক আদামের সন্তান। তোমাদের সকলেরই মূল এক। পার্থক্য এই যে, আল্লাহ তাদেরকে তোমাদের অধিনস্থ করেছেন। অধিনস্থ হওয়ার কারণে ভ্রাতৃত্ব সম্পর্ক থেকে সে বেরিয়ে যায়নি। তাই তার সাথে ভ্রাতৃত্বসুলভ আচরণ করতে হবে।



(فَلْيُطْعِمْهُ مِمَّا يَأْكُلُ وَلْيُلْسِسُهُ مِمَّا يَلْبُسِهُ مِمَّا يَلْبُسِهُ مِمَّا يَلْبَسِهُ مِمَّا يَلْبُسِهُ مِمَّا يَلْبَسِهُ مِمَّا يَلْبَسِهُ مِمَّا يَلْبَسِهُ مِمَّا يَلْبَسِهُ مِمَّا يَلْبَسِهُ مِمَّا يَلْبُسِهُ مِمَّا يَلْمُعِمْهُ مِمَّا يَلْمُعِمْهُ مِمَّا يَلْبُونُهُ مِمَّا يَلْمُعُمْهُ مِمَّالِهُ مِمَّالِهُ مِنْ يَعْلِمُ عَلَيْكُمْ مُعَلِّمُ عَلَيْكُمُ مُمَّا يَلْمُعُمْهُ مِمَّا يَلْمُعُمْهُ مِمَّا يَلْمُعُمْهُ مِمَّا يَلْمُعُمْهُ مِمَّا يَلْمُعُمْهُ مِمَّا يَلْمُعُمْهُ مِمَّا يَلْمُعْمِمُ وَالْمُعُمْهُ مِمْ مَا يَعْمِعُمُ مُلْمُ مِمْ مَا يَعْمِعُمْهُ مِمْ مَا يَعْمِعُمُ مُعِمْ يَعْمِعُ مِلْمُ يَعْمِعُمْ مُعِمْ يَعْمِعُ مِنْ يَعْمِعُمْ مُعِمْ يَعْمِعُمُ مُعِمْ يَعْمِعُمْ يُعْمِعُ مِنْ يَعْمُ يَعْمُ يَعْمُ مِلْ يَعْمُ يُعْمِعُ يَعْمُ ي مِنْ يَعْمُ يَعْمُ يَعْمُ يَعْمُ يَعْمُ يَعْمُ يَعْمُ يَعْمُ يَع

মালিক যা খাবে গোলাম সেই মানের খাবার দেয়া, মালিক যা পরিধান করবে গোলামকে সেই মানের বস্ত্র পরিধান করতে দেয়ার নির্দেশটি মুস্তাহাব পর্যায়ের। ওয়াজিব বা জরুরী হিসেবে নয়। 'উলামারা এই কথার উপর একমত। তবে আবৃ যার গিফারী নিজে যে খাবার খেতেন তার গোলামকে হুবহু সেই খাবার দিতেন, তিনি যে বস্ত্র পরিধান করতেন হুবহু সেই মানের বস্ত্র গোলামকে দেয়ার 'আমলটি মুস্তাহাব 'আমল ছিল। তবে মালিকের ওপর ওয়াজিব হলো যে শহরে যে খাবার প্রচলিত এবং ব্যক্তি হিসেবে যে পরিধেয় বস্ত্র প্রচলিত সেই এলাকার সামাজিক রীতি অনুযায়ী গোলামকে অন্ন ও বস্ত্র দেয়া। চাই তার মান মালিকের খাবার ও পরিধেয় বস্ত্রর সমান হোক বা কম বেশ হোক। এমনকি মালিক যদি কোনো কারণবশত স্বেচ্ছায় তার নিজের অন্ন ও বস্ত্রের মাঝে সংকোচ করে গোলামের জন্য সংকোচ বা কমতি করা জায়িয হবে না। বরং গোলামকে সেই এলাকার প্রচলন অনুযায়ী খাবার ও বস্ত্র দিতে হবে।

(وَلَا يُكَلِّفُهُ مِنَ الْعَمَلِ مَا يَغْلِبُه فَإِنْ كَلَّفَه مَا يَغْلِبُه فَلْيُعِنْهُ عَلَيْهِ) গোলামকে তার সাধ্যের উপর কাজ চাপাবে না। যদি চাপায় তবে সে তাকে সহযোগিতা করবে।

'উলামায়ে কিরাম এই মাসআলার উপরও একমত যে, গোলামকে এমন কাজ দেয়া যাবে না যা তার সাধ্য বা সামর্থ্যের বাহিরে। অর্থাৎ অতিরিক্ত কষ্টদায়ক কাজ যা সাধারণত করতে অপারগ এমন কোনো কাজ গোলামের কাঁধে চাপাবে না। যদি এমন কাজ দিয়েই দেয় তবে নিজে গোলামকে সাহায্য করবে অথবা তার সাহায্যের জন্য লোক নিয়োগ করবে যাতে উভয়ের সহযোগিতায় কাজটি সহজসাধ্য হয়। সহজসাধ্য করা ছাড়া গোলামের উপর অতিরিক্ত ভারী কোনো কাজের দায়িত্ব দিবে না। (শারহে মুসলিম ১১/১২ খন্ড, হাঃ ১৬৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন